



নির্বাচনের সময় পূজামণ্ডপে নেচেছেন, এবার দেখা যায়নি: প্রতিমন্ত্রী



স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। ছবি: সংগৃহীত

বিরোধীদলকে উদ্দেশ্য করে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেছেন, নির্বাচনের সময় দুর্গাপূজায় ঢাকের তালে নাচা এবং রোজা-পূজাকে এক করে দেখানোর চেষ্টা করলেও এবার তাঁদের কোনো পূজামণ্ডপে দেখা যায়নি।

গুৱাবার (২৩ অক্টোবর) নিজ নির্বাচনী এলাকায় এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। এ সময় ধর্মকে ব্যবহার করে রাজনীতি না করে জনগণের জন্য কাজ করার আহ্বান জানান তিনি।

মীর শাহে আলম বলেন, ধর্মকে পুঁজি করে রাজনীতি করার ফল মানুষ বুঝতে পেরেছে। সাধারণ মানুষের অভিযোগ, গত নির্বাচনে হিন্দু ও মুসলমানদের বাড়ি বাড়ি গিয়ে বেহেশতের প্রতিশ্রুতি দিয়ে ভোট নেওয়া হয়েছে। জুলাই-আগস্ট ও জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে কথা বলা রাজনৈতিক দলগুলোর নেতারাও সংশ্লিষ্ট অনুষ্ঠানে উপস্থিত ছিলেন না বলে মন্তব্য করেন তিনি।

জামায়াতের সেক্রেটারি জেনারেলের ‘বিরোধীদল চকলেট আর সরকারি দল বিরিয়ানি খাচ্ছে’—এমন বক্তব্যের জবাবে প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশের ইতিহাসে এবারই প্রথম কোনো বিরোধীদল চকলেট পাচ্ছে। ১৯৯৬ সালে এবং তার আগেও বিএনপি বিরোধীদলে থাকলেও বসার জায়গাটুকুও দেওয়া হয়নি বলে মন্তব্য করেন তিনি।